Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

বিজিএ/কাস/২০২৩/৯১ ১৬ এপ্রিল, ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ রপ্তানিমুখী শিল্পের রপ্তানির বিপরীতে প্রদত্ত সকল নগদ সহায়তার অর্থ ছাড়করণ প্রসঙ্গে।**

সূত্রঃ ০১। ০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৫৪ তারিখঃ ২৮/০৩/২০২৩
০২। ০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৮৯ তারিখঃ ১১/০৪/২০২৩
০৩। ০৭.০৩.০০০০.০০৩.১১.১১৬.১৬-১৩৬ তারিখঃ ১২/০৪/২০২৩

সম্মানিত সদস্যবৃন্দ এবং সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষন করছি। বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে আসন্ন ঈদুল ফিতরের পূর্বে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের রপ্তানির বিপরীতে প্রদত্ত সকল নগদ সহায়তার অর্থ ছাড়করণের জন্য অর্থ মন্ত্রণালয় ও হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয় হতে বাংলাদেশ ব্যাংক বরাবর নির্দেশনা প্রদান করা হয়েছে।

উল্লেখ্য ২৮/০৩/২০২৩ইং তারিখে ২০০০ কোটি টাকা এবং ১১/০৪/২০২৩ইং তারিখে ১০০০ কোটি টাকা ছাড়করণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

আপনাদেরকে স্ব স্ব লিয়েন ব্যাংকের সাথে যোগাযোগ করে নগদ সহায়তার অর্থ গ্রহন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

**ফারুক হাসান**
সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৫৪

তারিখ: ২৮ মার্চ ২০২৩ / ১৪ চৈত্র ১৪২৯

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ **রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের নিমিত্ত ২০২২-২৩ অর্থবছরের ৩য় কিস্তির অর্থ ছাড়করণ।**

নির্দেশিত হয়ে রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের নিমিত্ত চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অর্থ বিভাগের অধীন ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় "১০৯০১০১-১২০০০০৬০০০০০০০০-৩৮২৪২০১-সাধারণ রপ্তানি প্রণোদনা" খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তিতে (জানুয়ারি-মার্চ/২০২৩) ২,০০০ (দুই হাজার) কোটি টাকা নিম্নোক্ত শর্তে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। ছাড়কৃত অর্থের ভিত্তিতে হিসাব মহা-নিয়ন্ত্রক (সিজিএ) ডেবিট অথরিটি জারী করবে এবং বাণিজ্যিক ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ভর্তুকি দাবীর বিপরীতে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাব ডেবিট করে রপ্তানি ভর্তুকির অর্থ পরিশোধ করতে পারবে।

শর্তাবলিঃ

(ক) ছাড়কৃত অর্থ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের অনুকূলে খাতভিত্তিক নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধ করতে হবে। অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না;

(খ) দাবী পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;

(গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং বিভিন্ন খাতে নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঘ) অর্থ গ্রহীতাকে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার (undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণ বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

(ঙ) চলতি ২০২২-২৩ অর্থবছর শেষে রপ্তানি খাতে নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধে বিদ্যমান পদ্ধতি এবং এর Impact সম্পর্কে একটি বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(চ) চলতি ২০২২-২৩ অর্থবছরের ৩য় কিস্তিতে ছাড়কৃত ২,০০০ কোটি টাকা ব্যয়ের খাতওয়ারী এবং ব্যাংকওয়ারী বিস্তারিত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ছ) কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী অর্থ সংযুক্ত তহবিল হতে উত্তোলন করা যাবে; এবং

(জ) নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধের নিমিত্ত ছাড়কৃত অর্থ ব্যয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাতে কোনো ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☏ ৯৫১৪১৪৬

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

D:\Budget-1\YEAR-2010\Finance Division\07.101.020.03.09.015.2009 (0933)(15 p/t) Export & Remittance Incentive.doc

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৮৯

তারিখ: ১১ এপ্রিল ২০২৩ / ২৮ চৈত্র ১৪২৯

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

বিষয়ঃ **রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের নিমিত্ত ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ।**

নির্দেশিত হয়ে রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরী পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের জন্য চলতি ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে অর্থ বিভাগের অধীন ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় "১০৯০১০১-১২০০০০৬০০০০০০০০-৩৮২৪২০১-সাধারণ রপ্তানি প্রণোদনা" খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৪র্থ কিস্তিতে (এপ্রিল-জুন/২০২৩) ১,০০০ (এক হাজার) কোটি টাকা বাংলাদেশ ব্যাংকের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। ছাড়কৃত অর্থের ভিত্তিতে **হিসাব মহা-নিয়ন্ত্রক (সিজিএ) ডেবিট অথরিটি জারি করবে এবং বাণিজ্যিক ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ভর্তুকি দাবীর বিপরীতে সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক সরকারি হিসাব ডেবিট করে রপ্তানি ভর্তুকির অর্থ পরিশোধ করতে পারবে।** তবে শর্ত থাকে যে,

(ক) ছাড়কৃত অর্থ দিয়ে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের অনুকূলে খাতভিত্তিক নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধ করতে হবে। অন্য কোন উদ্দেশ্যে এ অর্থ ব্যয় করা যাবে না;

(খ) দাবী পরিশোধের পর নিরীক্ষায় প্রাপ্য অর্থের চেয়ে বেশী পরিশোধিত হয়েছে মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অর্থ আদায়পূর্বক গ্রহীতার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;

(গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী এবং বিভিন্ন খাতে নগদ সহায়তা প্রদানের নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঘ) অর্থ গ্রহীতাকে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকের নিকট এ মর্মে অঙ্গীকার (undertaking) প্রদান করতে হবে যে, প্রাপ্যতার অতিরিক্ত অর্থ গ্রহণ বা অন্য কোন অনিয়ম পরবর্তীতে পাওয়া গেলে তার বিরুদ্ধে যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং প্রদত্ত অর্থ ফেরত প্রদানে বাধ্য থাকবেন;

(ঙ) চলতি ২০২২-২৩ অর্থবছর শেষে রপ্তানি খাতে নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধে বিদ্যমান পদ্ধতি এবং এর Impact সম্পর্কে একটি বিস্তারিত মূল্যায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(চ) চলতি ২০২২-২৩ অর্থবছরের ৪র্থ কিস্তিতে ছাড়কৃত ১,০০০ কোটি টাকা ব্যয়ের খাতওয়ারী এবং ব্যাংকওয়ারী বিস্তারিত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

(ছ) কেবলমাত্র প্রয়োজন অনুযায়ী অর্থ সংযুক্ত তহবিল হতে উত্তোলন করা যাবে; এবং

(জ) নগদ সহায়তা/প্রণোদনা পরিশোধের নিমিত্ত ছাড়কৃত অর্থ ব্যয়ে স্বচ্ছতা বজায় রাখতে হবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাতে কোনো ব্যত্যয় না ঘটে সেদিকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

আপনার বিশ্বস্ত,
১১.০৪.২০২৩
(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



CS CamScanner

তারিখ: ১১ এপ্রিল ২০২৩ / ২৮ চৈত্র ১৪২৯

নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৮৯

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা
২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৪। মহা-পরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ
৬। উপসচিব (ঋণ ব্যবস্থাপনা অধিশাখা-২), ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ
৭। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, প্ল্যানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা

১১.০৪.২০২৩

(মোহাম্মদ আনিসুজ্জামান)
উপসচিব

D:\Budget-1\YEAR-2019\Finance Division\07.101.020.03.09.011.2009 (09)\1(13)(09)-Export & Remittance Incentive.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা -১০০০।
www.cga.gov.bd

তারিখ: ১২/০৪/২০২৩ খ্রি.

নম্বর- ০৭.০৩.০০০০.০০৩.১১.১১৬.১৬- ১১৩৬

প্রাপক: পরিচালক
একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট (সরকারি হিসাব শাখা)
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা-১০০০।

**বিষয়: রপ্তানিমুখী দেশীয় বস্ত্র, হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ, চামড়াজাত দ্রব্যসহ অনুমোদিত অন্যান্য খাতে রপ্তানির বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনা এবং তৈরি পোশাক রপ্তানির বিপরীতে ১% হারে বিশেষ নগদ সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণের প্রেক্ষিতে ডেবিট অথরিটি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর পত্র নম্বর- ০৭.১০১.০২০.০৩.০৯.০০২.২০১৯-৪৮৯ তারিখ: ১১/০৪/২০২৩ খ্রি.।
২। সিএএন্ডএফও,অর্থ মন্ত্রণালয় এর পৃষ্ঠাংকন পত্র নম্বর- ০৭.০৩.০০০০.৪৪৫.৩৮.০৯৮.২১-৬৪ তারিখ: ১২/০৪/২০২৩খ্রি.।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের অধীন চলতি ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ভর্তুকি ও প্রণোদনা ব্যবস্থাপনা কোডের আওতায় "১০৯০১০১-১২০০০০৬০০০০০০০০-৩৮২৪২০১-সাধারণ রপ্তানি প্রণোদনা" খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৪র্থ কিস্তিতে (এপ্রিল-জুন/২০২৩) **১,০০০.০০ (এক হাজার) কোটি টাকা** মাত্র বাংলাদেশ ব্যাংকের অনুকূলে ছাড়কৃত অর্থের ডেবিট অথরিটি আদিষ্ট হয়ে জারী করা হলো। উক্ত অর্থ সরকারি হিসাব নম্বর ০৯০০ হতে বিকলন করতে হবে। সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সূত্রস্থ ১ নম্বর পত্রের শর্তাবলী অনুসরণ করতে অনুরোধ করা হলো।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তি: বর্ণনামতে ০২ পৃষ্ঠা।

আপনার বিশ্বস্ত-

১২/৪/২৩

(মোঃ মুনজুর আলম)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা
হিসাব ও সিডিপিইউ শাখা
ফোন: ৪১ ০১৪৬৪৭
Email: aaocdpu@cga.gov.bd

নম্বর- ০৭.০৩.০০০০.০০৩.১১.১১৬.১৬-

তারিখ: /০৪/২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ:আ: উপসচিব, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১]
০২। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (ঋণ ব্যবস্থাপনা অধিশাখা-২), ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান হিসাবরক্ষণ ও অর্থায়ন কর্মকর্তা, অর্থ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারারস এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (BKMEA), প্রান্নার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ মুনজুর আলম)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা